

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
তাহিরপুর, সুনামগঞ্জ।
www.acl.tahirpur.sunamganj.gov.bd

## সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার ডিসেম্বর/২০২২ মাসের রাজস্ব সম্মেলনের কার্যাবিবরণী

সভাপতি: সুপ্রভাত চাকমা, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ এর অফিস কক্ষ
সভার তারিখ: ১৮/১২/২০২২ সময় : বিকাল ৪.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন অতঃপর নিম্নবর্ণিত তথ্যাদি সভায় উপস্থাপন করা হয়।

০১। সংস্থাপন সংক্রান্ত :

(ক) জন বল : উপজেলা ভূমি অফিস

| ক্রমিক নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদ | শূণ্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী কমিশনার (ভূমি) | ০১ | ০১ | --- | |
| ০২ | কানুনগো | ০১ | ---- | ০১ | |
| ০৩ | সার্ভেয়ার | ০২ | ০১ | ০১ | |
| ০৪ | অফিস সহকারী | ০৫ | ০২ | ০৩ | |
| ০৫ | জারীকারক | ০২ | --- | ০২ | |
| ০৬ | চেইনম্যান | ০২ | ০১ | ০১ | |
| ০৭ | অফিস সহায়ক | ০২ | ০২ | -- | |

খ) ইউনিয়ন ভূমি অফিসসমূহ

| ক্রমিক নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদ | শূণ্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা | ০২ | ---- | ০২ | |
| ০২ | ইউনিয়ন ভূমি উপ-সহকারী,কর্মকর্তা | ০৪ | ০২ | ০২ | |
| ০৩ | অফিস সহায়ক | ০৬ | ০৫ | ০১ | |

উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহের জনবল বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ উপজেলায় ০১ জন কানুনগো, ০২ জন ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ০২ জন ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা, ০২জন জারীকারক ও ০১ জন চেইনম্যান, ও ০১ জন অফিস সহায়ক এর পদ শূণ্য রয়েছে। জনবল কম থাকার কারণে দাপ্তরিক কাজকর্মে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে মর্মে সভায় অভিমত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : শূণ্য পদগুলোর বিপরীতে জনবল পদায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ভূমি উন্নয়ন কর দাবি ও আদায়: চলতি ২০২২-২৩ সনের নভেম্বর/২২ মাস পর্যন্ত ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় নিম্নরূপঃ

| ইউনিয়ন ভূমি অফিসের নাম | সাধারণ দাবি | | | সাধারণ আদায় | | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|
| | বকেয়া | হাল | মোট | চলিত মাসে আদায় | পুঞ্জিভুত আদায় | |
| তাহিরপুর সদর | ২০,২৬,৪৬০/- | ৩,৭৫,৬৯০/- | ২৪,০২,১৫০/- | ১,৮৫,৩১৫/- | ১১,৯৩,১১১/- | ৪৯.৬৬% |
| ডিহিভিটা | ২৬,৮৫,৮৯০/- | ৩,৯২,৫৪০/- | ৩০,৭৮,৪৩০/- | ৬,৬৬,৯৩৪/- | ১৮,২৪,৯৮৪/- | ৫৯.২৮% |
| মোট | ৪৭,১২,৩৫০/- | ৭,৬৮,২৩০/- | ৫৪,৮০,৫৮০/- | ৮,৫২,০৪৯/- | ৩০,১৮,০৯৫/- | ৫৫.০৬% |



CamScanner

খ) ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় (সংস্থা):

| ইউনিয়ন ভূমি অফিসের নাম | সংস্থার দাবি | | | সংস্থার আদায় | | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|
| | বকেয়া | হাল | মোট | চলিত মাস আদায় | পুঞ্জিভুত আদায় | |
| তাহিরপুর সদর | ১,৮৭,৬৭৬/- | ৬৫,৬৯৭/- | ২,৫৩,৩৭৩/- | | --- | |
| ডিহিভাটী | ১,২২,১৩০/- | ৮৯,৫৬০/- | ২,১১,৬৯০/- | -- | ৩,৩৩০/- | ১.৫৭% |
| মোট | ৩,০৯,৮০৬/- | ১,৫৫,২৭৫/- | ৪,৬৫,০৬৩/- | -- | ৩,৩৩০/- | ০.৭১% |

ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় বিবরণী পর্যালোচনায় দেখা যায় সাধারণ আদায় ৫৫.০৬% ও সংস্থার আদায় ০.৭১% । জানা যায় ১০০% অন লাইন ভূমি উন্নয়ন কর আদায় করা হচ্ছে। সংস্থার দাবির বিষয়ে প্রত্যেক সংস্থা/প্রতিষ্ঠান বরাবরে পত্র দেয়া হয়েছে। ভূমি উন্নয়ন কর দাবি ও আদায় বিবরণীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: ভূমি উন্নয়ন আদায় বৃদ্ধি করার জন্য করার জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের অনুরোধ করা হয়। এবং সংস্থার দাবি আদায়ের লক্ষ্যে সংস্থা/ প্রতিষ্ঠান বরাবরে তাগিদ পত্র প্রদান করার জন্য সহকারী কশিনার (ভূমি), তাহিরপুরকে অনুরোধ করা হয়।

০৩। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী : চলতি ২০২২-২৩ সনের নভেম্বর/২০২২ মাস পর্যন্ত দাবি ও আদায় বিবরণী নিম্নরুপঃ

| দাবি | | | চলতি মাসে আদায় | | | পুঞ্জিভুত আদায় মোট | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট |
| ২৪,৪৮,০৮৪/- | ৪,১৮,৫৫২/- | ২৮,৬৬,৬৩৬/- | ৮,৮৪০/- | ৪,৭৬০/- | ১৩,৬০০/- | ৭৬,৭৫৯/- | ২৯,৯৮১/- | ১,০৬,৭৪০/- |

বিবরণী পর্যালোচনায় দেখা দেখা যায় অদ্যাবধি আদায় মাত্র ১,০৬,৭৪০/- টাকা । এতে সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করেন। অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।

সিদ্ধান্ত : অর্পিত সম্পত্তির লিজমানি আদায়ের জন্য প্রতি লিজগ্রহীতাকে নোটিশ প্রদান করার জন্য এবং অনাদায়ি লিজগ্রহীতাদের লিজ বাতিলক্রমে অন্যত্র লিজ নবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), তাহিরপুর ও সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হয়।

০৪। নামজারী ও জমাখারিজ মোকদ্দমা : চলতি ২০২২-২৩ সনের নভেম্বর/২০২২ মাস পর্যন্ত বিবরণী নিম্নরুপ ।

| গত মাসের অনিষ্পন্ন মামলার | | চলতি মাসে দায়ের | | মোট মামলা সংখ্যা | | চলতি মাসে নিষ্পত্তিকৃত মামলা | | পুঞ্জিভুত নিষ্পত্তির সংখ্যা | | অনিষ্পন্ন মামলার সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য় খন্ড | ১ম খন্ড | ২য়খন্ড |
| ৪৪৫ | --- | ৬৫ | --- | ৪৯৫ | --- | ৬৮ | --- | ২৩৯ | -- | ৪৪২ | -- |

এ উপজেলায় শতভাগ ই-নামজারী সম্পন্ন হচ্ছে বলে পরিলক্ষিত হল। নামজারী মামলা নিষ্পত্তি বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সরকারি নীতিমালা অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে যাচাই বাছাই পূর্বক নামজারী মামলা গুলো নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি) তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয় ।

০৫। রেন্ট সার্টিফিকেট মামলা : চলতি ২০২২-২৩ সনে নভেম্বর/২০২২ মাস পর্যন্ত দাবি ও আদায় নিম্নরুপঃ

| গতমাস পর্যন্ত অনিষ্পন্ন কেস সংখ্যা | দাবির পরিমাণ | চলতি মাসে দায়ের | দাবির পরিমাণ | মোট মামলার সংখ্যা | মোট দাবি | চলতি মাসে নিষ্পত্তির সংখ্যা | আদায় | পুঞ্জিভুত নিষ্পত্তি মামলার সংখ্যা | পুঞ্জিভুত আদায় | অনিষ্পন্ন মামলার সংখ্যা | দাবির পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১২২ | ৪,১৪,৪৩২/- | -- | --- | ১২২ | ৪,১৪,৪৩২/- | ০২ | ১৩,৩২৯ /- | ০২ | ১৩,৩২৯/- | ১২০ | ৪,০১,১০৩/ |

বিবরণী পর্যালোচনায় দেখা যায় নভেম্বর/২০২২ মাস পর্যন্ত রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তির সংখ্যা ০২ টি । এতে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ অবহিত করেন যে, বর্তমানে আরএস রেকর্ড প্রকাশিত হয়েছে মামলাগুলো এসএ রেকর্ড অনুযায়ী যার ফলে নিষ্পত্তির ব্যাপারে জটিলতা সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : এসএ রেকর্ড ও আরএস রেকর্ড যাচাই করে প্রতিমাসে ১০ টি করে রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), তাহিরপুর ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।

০৬। হাট বাজার চান্দিনা ভিট বন্দোবস্ত দাবি ও আদায় : হাট বাজার চান্দিনা ভিট বন্দোবস্ত , দাবি ও আদায় বিবরণী নিম্নরূপঃ

| হাট বাজারের সংখ্যা | পেরিফেরির সংখ্যা | চান্দিনা ভিটি বন্দোবস্ত নথির সংখ্যা | মোট দাবি | চলতি মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | অনাদায়ী | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৫ | ১৫ | ৬৫ | ৪২,৬৫৯/- | ৪,৩৪৬/- | ৭,৮২৬/- | ৩৪,৮৩৩/- | |

এউপজেলায় ১৫ টি হাট বাজার রয়েছে। ১৫ টি বাজারের পেরিফেরির কাজ সম্পন্ন হয়েছে এবং জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয় হতে অনুমোদিত হয়েছে। হাট বাজার চান্দিনা ভিটি (এক সনা) বন্দোবস্ত ও বন্দোবস্তকৃত চান্দিনা ভিটির লিজমানি দাবি আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : (১) হাট বাজার চান্দিনা ভিটি (এক সনা) বন্দোবস্ত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি), তাহিরপুর ও সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের অনুরোধ করা হয়।

(২) হাটবাজারে অবৈধ দখলদারদের চিহ্নিত ক্রমে উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), তাহিরপুর ও সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের অনুরোধ করা হয়।

০৭। অডিট আপত্তি : অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। জানা যায় উপজেলা ভূমি অফিসে বর্তমানে কোন অডিট আপত্তি পেন্ডিং নেই। কর্তৃপক্ষ হতে অডিট আপত্তি পাওয়া গেলে গুরুত্বসহকারে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।

০৮। সায়রাত মহাল : জলমহাল বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অ-ইজারাকৃত জলমহালগুলোতে যাতে কউ অবৈধভাবে মৎস্য আহরণ এবং জলমহাল শুকিয়ে মৎস্য আহরণ করতে না পারে সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য সার্ভেয়ার ও ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের অনুরোধ করা হয়।

০৯। কৃষি খাস জমি বন্দোবস্ত : কৃষি খাস জমি বন্দোবস্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।

সিদ্ধান্ত: বন্দোবস্তযোগ্য কৃষি খাস জমির হাল নাগাদ তালিকা প্রস্তুত পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য সার্ভেয়ার/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের অনুরোধ করা হয়।

১০। দেওয়ানী মামলা: বিজ্ঞ আদালতে দায়েরকৃত দেওয়ানী মামলাসমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ হতে প্রাপ্ত মামলা সমূহের আরজির আলোকে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য উপাত্তসহ দফাওয়ারি জবাব দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি)/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের অনুরোধ করা হয় ।

১০। বিবিধ : (১) সরকারি খাস জমি, হাট বাজারের খাস জমি যাতে অবৈধভাবে কেউ দখল করতে না পারে সেদিকে সতর্ক থাকার জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণ/ সার্ভেয়ার কে অনুরোধ করা হয়।

CamScanner

(২) গুচ্ছগ্রাম/আশ্রয়ণ প্রকল্পে ও মুজিববর্ষ উপলক্ষ্যে পুনর্বাসিত 'ক' শ্রেণির উপকারভোগীরা তাদের বরাদ্দকৃত গৃহে অবস্থান করছেন কি-না তা-যাচাই করে প্রতিবেদন দেয়ার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের অনুরোধ করা হয়।

(২) রিপোর্ট/ রিটার্নসমূহ নির্ধারিত তারিখের মধ্যে কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১২/২২
সুপ্রভাত চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
তাহিরপুর, সুনামগঞ্জ

স্মারক নং ৩১.৪৬.৯০৯২.০০০.১২.০০১.২২.৭৮৪ তারিখ: ১৮ ডিসেম্বর/২০২২

অনুলিপি: সদয় অবগতির জন্য ।

০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সুনামগঞ্জ ।
০৪-০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস তাহিরপুর সদর/ ডিহিভাটী, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৬। সার্ভেয়ার, উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭-০৮। জনাব ................................................... উচ্চমান সহকারী/অফিস সহকারী, উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৯। অফিস কপি।

১৮/১২/২০২২
সহকারী কমিশনার (ভূমি)
তাহিরপুর, সুনামগঞ্জ।

CamScanner